Articles from QuranerAlo.com - কুরআনের আলো ইসলামিক ওয়েবসাইট

কুফরীর সংজ্ঞা ও প্রকারভেদ

२०১२-०७-०५ ১७:०७:०८ QuranerAlo.com Editor

প্রবন্ধটি পড়া হলে, শেয়ার করতে ভুলবেন না

শুরু করছি আল্লাহর নাম ে; যিনি পরম করুণাময়, অতি দয়ালু

লিখেছেনঃ সালেহ বিন ফাওযান আল-ফাওযান | **অনুবাদ :** মুহাম্মদ মানজুরে ইলাহী



কুফরীর সংজ্ঞা:

কুফরীর আভিধানিক অর্থ আবৃত করা ও গোপন করা। আর শরীয়তের পরিভাষায় ঈমানের বিপরীত অবস্থানকে কুফরী বলা হয়।কেননা কুফরী হচ্ছে আল্লাহ ও রাস্লের প্রতি ঈমান না রাখা, চাই তাদেরকে মিথ্যা প্রতিপন্ন করা হোক কিংবা না হোক। বরং তাদের ব্যাপারে কোন প্রকার সংশয় ও সন্দেহ, উপেক্ষা কিংবা ঈর্ষা, অহংকার কিংবা রাস্লের অনুসরণের প্রতিবন্ধক কোন প্রবৃত্তির অনুসরণ কুফরীর হুকুমে কোন পরিবর্তন আনয়ন করবেনা। যদিও তাদেরকে মিথ্যা প্রতিপন্নকারী বড় কাফির হিসাবে বিবেচিত। অনুরূপভাবে ঐ অস্বীকারকারী ও বড় কাফির, যে অন্তরে রাস্লেগণের সত্যতার প্রতি বিশ্বাস রাখা সত্ত্বেও হিংসাবশতঃ মিথ্যা সাব্যস্ত করে থাকে। [মাজমু আল ফাতওয়া, ৩৩৫]

কৃফরীর প্রকারভেদ:

কৃফ্রী দুই প্রকার ।

প্রথম প্রকার: বড কফরী

এ প্রকারের কুফুরী মুসলমান ব্যক্তিকে মুসলিম মিল্লাত থেকে বের করে দেয়। এটি আবার **পা**ঁচ ভাগে বিভক্ত:

১* মিথ্যা প্রতিপন্ন করার কৃফরী:

এর দলীল আল্লাহর বাণী:

'যে আল্লাহ সম্পর্কে মিখ্যা কথা রচনা করে, অথবা তার কাছে সত্য আসার পর তাকে অস্বীকার করে, তার চেয়ে অধিক যালিম আর কে? জাহান্নামই কি এইসব কাফিরের আবাস নয়? [সূরা আনকাবুত, ৬৮]

২* মনে বিশ্বাস রেখেও অশ্বীকার অহংকারশতঃ কুফরী:

এর দলীল আল্লাহর বাণী:

سورة)80 (وَ إِذْ قُلْنَا لِلْمَلَاثِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ أَبَى وَاسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَافِرِينَ الْعَامِ الْبَقْرة

'যখন আমি ফেরেশতাদের বললাম, আদমকে সেজদা কর, তখন ইবলীস ব্যতীত সকলেই সিজদা করল, সে অমান্য করল ও অহংকার করল। সুতরাং সে কাফিরদের অন্তর্ভৃক্ত হয়ে গেল। [সূরা বাকারা ২:৩৪]

৩* সংশয়জনিত কুফুরী:

একে ধারণাজনিত কুফরী ও বলা হয়। এর দলীল আল্লাহ তাআলার বাণী:

وَمَا أَظُنُّ السَّاعَةَ قَائِمَةً وَلَئِنْ) 00 وَدَخَلَ جَنَّتُهُ وَهُوَ ظَالِمٌ لِنَفْسِهِ قَالَ مَا أَظُنُّ أَنْ تَبِيدَ هَذِهِ أَبَدًا قَالَ لَهُ صَاحِبُهُ وَهُوَ يُحَاوِرُهُ أَكَفَرْتَ بِالَّذِي خَلَقُكَ) 00 (رُدِدْتُ أَلَى رَبِّي لأَجِدَنَ خَيْرًا مِنْهَا مُنْقَلَبًا فَاللهُ صَاحِبُهُ وَهُوَ يُحَاوِرُهُ أَكُفَرْتَ بِالَّذِي خَلَقُكَ) 00 (رُدِدْتُ أَلَى رَبِّي لأَجَدَنَ خَيْرًا مِنْ قَلْهُ وَيُو اللهُ مَنْ نُطُفَةٍ ثُمَّ سَوَّاكُ رَجُلًا سورة) 00 (لَكِنَا هُوَ اللهُ رَبِّي وَلاَ أَشْرِكُ بِرَبِّي أَحَدًا) 00 (مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُطُفَةٍ ثُمَّ سَوَّاكُ رَجُلًا اللهُ وَيُونَا اللهُ وَيُونَا لَهُ اللهُ مَا اللهُ مَا اللهُ وَيُعَالَمُ اللهُ وَيُونَا لَهُ مَا اللّهُ وَيُونَا لَا لَهُ اللّهُ وَيُونَا اللّهُ مِنْ اللّهُ مَا اللّهُ اللّهُ مَا اللّهُ وَيُونَا اللّهُ مَا اللّهُ اللّهُ مَا اللّهُ اللّهُ مَا اللّهُ مُنْ اللّهُ مِنْ اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مَا اللّهُ مِنْ اللّهُ مَا اللّهُ مُنْ اللّهُ مُلْمُ اللّهُ مَا اللّهُ اللّهُ مَا

'নিজের প্রতি জুলুম করে সে তার বাগানে প্রবেশ করল। সে বলল, আমার মূনে হয়না যে, এ বাগান কখনও ধ্বংস হয়ে যাবে। আর আমি মনে করিনা যে, কিয়ামত অনুষ্ঠিত হবে। আর যদি আমার পালনকর্তার কাছে আমাকে পৌঁছে দেয়া হয়ই, তবে তো আমি নিশ্চয়ই এর চেয়ে উ□কৃষ্ট স্থান পাব। তদুত্তরে তার সাথী তাকে বলল, তুমি কি তাকে অস্বীকার করছ, যিনি তোমাকে সৃষ্টি করেছেন মাটি থেকে, অতঃপর পূর্ণাঙ্গ করেছেন তোমাকে মানবাকৃতিতে? কিন্তু আল্লাইই আমার পালনকর্তা এবং আমি কাউকে আমার পালনকর্তার সাথে শরীক করিনা। [সুরা কাহাফ,৩৫-৩৮]

৪* উপেক্ষা প্রদর্শন ও মুখ ফিরিয়ে নেয়ার কৃফরী:

এর দলীল আল্লাহর বাণী:

سورة الأحقاف)৩ (وَالَّذِينَ كَفَرُوا عَمَّا أُنْذِرُوا مُعْرِضُونَ আর কাফিররা যে বিষয়ে তাদেরকে সতর্ক করা হয়েছে, তা থেকে মুখ ফিরিয়ে নেয়। [সূরা আহস্বাফ,০৩] ৫* নিফাকী ও কপটতার কুফরী:

এর দলীল হল:

سورة المنافقون)৩(ذَلِكَ بِأَنَّهُمْ أَمَنُوا ثُمَّ كَفَرُوا فَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ এটা এজন্যে যে, তারা ঈমার্ন আনবার পর কুফরী করেছে। ফলে তাদের অন্তরে মোহর মেরে দেয়া হয়েছে। অতএব তারা বুঝে না। [সূরা মুনাফিকুন, ০৩]

দিতীয় প্রকার: ছোট কুফরী

এ প্রকারের কুফরী মুসলিম মিন্নাত থেকে বহিস্কৃত করেনা। একে 'আমল ী কুফরী' ও বলা হয়। ছোট কুফরী দারা সে সব গোনাহের কাজকেই বুঝানো হয়েছে, কুরআন ও সুন্নায় যাকে কুফরী নামে অভিহিত করা হয়েছে। এ ধরনের কুফুরী বড় কুফরীর সমপর্যায়ের নামে। যেমন আন্নাহর নিয়ামতের কুফরী করা যা নিম্নোক্ত আয়াতে উল্লেখ করা হয়েছে।

وَضَرَبَ الله مَثَلًا قَرْيَةً كَاثَتُ آمِنَةً مُطْمَئِنَّة يَأْتِيهَا رِزْقُهَا رُخَدًا مِنْ كُلِّ مَكَانٍ فَكَفَرَتُ بِأَنْعُمِ الله فَأَذَاقَهَا سُورَةِ النَّهِ إِنَّا اللَّهُ لِبَاسَ الْجُوعِ وَالْخَوْفِ بِمَا كَانُوا يَصْنَعُونَ سَورة النَّهُ لِبَاسَ الْجُوعِ وَالْخَوْفِ بِمَا كَانُوا يَصْنَعُونَ

'আল্লাহ দৃষ্টান্ত দিয়েছেন এমন এক জনপদের, যা ছিল নিরাপদ ও নিশ্চিন্ত । তথায় প্রত্যেক স্থান হতে আসত প্রচুর রিঘিক ও জীবিকা । অতঃপর সে জনপদের লোকেরা আল্লাহর নেয়ামতের প্রতি অকৃতজ্ঞা প্রকাশ করল ।' [সূরা নাহল, ১১২]

এক মুসলমান অপর মুসলমানের সাথে যুদ্ধে লিপ্ত হওয়াও এ ধরনের কুফরীর অন্তর্গত। **রাস্ল সাম্নাম্নাহ** আলাইহি ওয়া সাম্লাম বলেন:

بَسِبَابُ الْمُسْلَمِ فُسُوْقٌ وَقِتَالُهُ كُفُرٌ. 'কোন মুসলমানকে গালি দেয়া ফাসেকী কাজ। আর তার সাথে যুদ্ধ করা কুফুরী। [বুখারী , মুসলিম]

তিনি আরো বলেন:

كَا تَرْجِعُوْا بَعْدِيْ كُفَّارِ ا, يَضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضُ 'আমার পর তোমরা পুনরায় কাফির হয়ে যেওনা, যাতে তোমরা একে অপরের গর্দান উড়িয়ে দেবে । [বুখারী, মুসলিম]

গায়রুলাহর নামে কসম ও এ কুফরীর অন্তর্ভুক্ত। **রাসূল সান্নান্নাহ আলাইহি ওয়া সান্নাম বলেন:**

مَنْ حَلَفَ بِغَيْرِ اللهِ كَفَرَ أَوْ أَشْرَكَ 'যে ব্যক্তি গায়রুপ্লাহর্র নামে কসম করল। সে কুফরী কিংবা শিরক করল। [তিরমিযী, হাকেম]

কবীরা গোনাহে লিপ্ত ব্যক্তিকে আল্লাহ মুমিন হিসাবে গণ্য করেছেন। তিনি বলেন:

سورة البقرة)১৭৮(يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلَى 'হে ঈমানদার গণ! তোমাদের উপর নিহতদের ব্যাপারে ক্বিসাস গ্রহণ করা ফর্য করা হয়েছে।' [সূরা বাকারা, ১৭৮] এখানে হত্যাকারীকে ঈমানদারদের দল থেকে বের করে দেয়া হয়নি। বরং তাকে ক্বিসাসের অলী তথা ক্বিসাস গ্রহণকারীর ভাই হিসাবে গণ্য করা হয়েছে। **আলাহ বলেন:**

আত্ । ﴿ الْنَهِ بِإِحْسَانِ فَمَنْ عُفِيَ لَهُ مِنْ أَخِيهِ شَيْءٌ فَاتَبِاعٌ بِالْمَعُرُوفِ وَ أَدَاءٌ إِلَيْهِ بِإِحْسَانِ)১৭৮ (তেত পর হত্যাকারীকে তার(নিহত) ভাইয়ের তর্বক থেকে যদি কিছুটা মাফ করে দেয়া হয়, তবে (নিহতের ওয়ারিসগণ) প্রচলিত নিয়মের অনুসরণ করবে এবং (হত্যাকারী) উত্তমভাবে তাকে তা প্রদান করবে। বিসুরা বাকারা, ১৭৮]

নিঃসন্দেহে ভাইদ্বারা এখানে দ্বীনী ভাই বুঝানো উদ্দেশ্য। **অন্য আয়াতে আল্লাহ বলেন:**

وَ إِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا ﴾ (وَ إِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا بَيْنَهُمَا بُهِ بُهُمَا بُهُمَا بُهُمَا بُهُمَا بُهُمُ الْمُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا) المُؤْمِنِينَ اقْتَتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا وَ اللهُ الل

এর পরের আয়াতে আল্লাহ বলেন:

)১০(إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ اَخَوَيْكُمْ 'মুমিনরা তো পরস্পর ভাই**Ñ**ভাই, অতএব তোমরা তোমাদের দু'ভাইয়ের মধ্যে মীমাংসা কর'। [সূরা হুজরাত, ১০]

সার কথা:

১# বড় কুফরী ইসলামী মিল্লাত থেকে বের করে দেয় এবং আমলসমূহ নষ্ট করে দেয়। পক্ষান্তরে ছোট কুফরী ইসলামী মিল্লাত থেকে বের করেনা এবং আমল ও নষ্ট করে না। তবে তা তদনুযায়ী আমলে ক্রটি সৃষ্টি করে এবং লিপ্ত ব্যক্তিকে শাস্তির মুখোমুখি করে।

২# বড় কুফরীতে লিপ্ত ব্যক্তি চিরস্থায়ী ভাবে জাহান্নামে অবস্থান করবে। কিন্তু ছোট কুফরীর কাজে লিপ্ত ব্যক্তি জাহান্নামে প্রবেশ করলেও তাতে চিরস্থায়ীভাবে অবস্থান করবেনা। বরং কখনো আল্লাহ তাকে ক্ষমা করে দিতে পারেন। ফলে সে মোটেই জাহান্নামে প্রবেশ করবেনা।

৩# বড় কুফরীতে লিপ্ত হলে ব্যক্তির জান মাল মুসলমানদের জন্য বৈধ হয়ে যায়। অথচ ছোট কুফরীতে লিপ্ত হলে জান মাল বৈধ হয়না।


8# বড় কুফরীর ফলে মুমিন ও অত্র কুফরীতে লিপ্ত ব্যক্তির মধ্যে প্রকৃত শত্রুতা সৃষ্টি হওয়া অপরিহার্য হয়ে যায়। তাই সে ব্যাক্তি যত নিকটান্বীয়ই হোক না কেন, তাকে ভালবাসা ও তার সাথে বন্ধন্ব স্থাপন করা মুমিনদের জন্য কখনোই বৈধ নয়। পক্ষান্তরে ছোট কুফরীতে লিপ্ত ব্যক্তির সাথে বন্ধন্ব স্থাপনে কোন বাধা নেই। বরং তার মধ্যে যতটুকু ঈমান রয়েছে সে পরিমান তাকে ভালবাসা ও তার সাথে বন্ধন্ব করা উচিত এবং যতটুকু নাফরমানী তার মধ্যে আছে, তার প্রতি ততটুকু পরিমান ঘৃণা ও বিদ্বেষভাব পোষণ করা যেতে পারে।

ইসলাম প্রচার ব্যুরো, রাবওয়াহ, রিয়াদ

ওয়েব সম্পাদনাঃ মোঃ মাহমুদ -ই- গাফফার

*রিপোর্ট করুন

প্রতিদিন ফ্রী আপডেট পেতে সাবস্ক্রাইব করুন



বিসমিল্লাহ্, আমাকে গ্রাহক করা হোক



'আপনিও হোন ইসলামের প্রচারক' । প্রবন্ধের লেখা অপরিবর্তন রেখে এবং উএস উল্লেখ্য করে আপনি Facebook, Twitter, রুগ, আপনার বন্ধুদের Email Address সহ অন্য Social Networking ওয়েবসাইটে শেয়ার করতে পারেন, মানবতার মুক্তির লক্ষ্যে ইসলামের আলো ছড়িয়ে দিন। "কেউ হেদায়েতের দিকে আহবান করলে যতজন তার অনুসরণ করবে প্রত্যেকের সমান সওয়াবের অধিকারী সে হবে, তবে যারা অনুসরণ করেছে তাদের সওয়াবে কোন কমতি হবেনা" [সহীহ্ মুসলিম: ২৬৭৪]